# এস এস সি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## হিসাববিজ্ঞান

বিষয় কোড: | ১ | ৪ | ৬ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। সকল প্রশ্নের মান সমান। ক বিভাগ থেকে ২টি এবং খ বিভাগ থেকে যেকোনো ৫টিসহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ক বিভাগ

১.▶ খান এন্টারপ্রাইজ এর ২০১৭ সালের রেওয়ামিলটি নিম্নরূপ :

**খার এন্টারপ্রাইজ**

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০১৭

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মজুদ পণ্য (১-১-১৭) | ২৫,০০০ | - |
| হাতে নগদ | ৩২,০০০ | - |
| ক্রয় ও বিক্রয় | ৪০,০০০ | ১,৫০,০০০ |
| পণ্য ফেরত | ৫,০০০ | ৪,০০০ |
| দেনাদার ও পাওনাদার | ৬০,০০০ | ৪৫,০০০ |
| মজুরি (৮ মাস) | ১২,০০০ | - |
| বেতন (১৪ মাস) | ২৮,০০০ | - |
| বাট্টা | ৬,০০০ | ৭,০০০ |
| শিক্ষানবিশ ভাতা ও সেলামি | ৭,০০০ | ৬,০০০ |
| কমিশন | ১২,০০০ | ৮,০০০ |
| অফিস খরচ | ১০,০০০ | - |
| শুল্ক | ৩,৫০০ | - |
| ব্যবসায়িক বাট্টা | ৫,০০০ | ৬,০০০ |
| কুঋণ ও কুঋণ সঞ্চিতি | ২,০০০ | ২,৫০০ |
| | ২,৪০,৫০০ | ২,৪০,৫০০ |

Teachingbd24.com

**সমন্বয়সমূহ:** ১. সমাপনী মজুদ পণ্যের ক্রয় মূল্য ৪৫,০০০ টাকা যার বাজার মূল্য ১০% বেশি। ২. দেনাদারের ২,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট দেনাদারের ওপর ৫% হারে অনাদায়ি পাওনা সঞ্চিতি ধরতে হবে। ৩. ধারে পণ্য ক্রয় ১০,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।

ক. নিট ক্রয়ের পরিমাণ কত নির্ণয় করো। ২

খ. খান এন্টারপ্রাইজের মোট লাভ বা ক্ষতি নির্ণয় করো। ৪

গ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে নিট লাভ বা ক্ষতি বের করো। ৪

**২.▶ সাফায়েত এন্ড সন্স-এর ২০১৭ সালের রেওয়ামিলটি নিম্নরূপ:**

**সাফায়েত এন্ড সন্স-এর রেওয়ামিল**

৩১ ডিসেম্বর ২০১৭

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৩০,০০০ | ২৭,০০০ |
| উত্তোলন ও মূলধন | ৪৬,০০০ | ১,৯০,০০০ |
| প্রাপ্য বিল ও প্রদেয় বিল | ১০,০০০ | ১৫,০০০ |
| অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি | ৭,০০০ | ৪,০০০ |
| কমিশন | ২,০০০ | ৫,০০০ |
| নগদবাট্টা | ৩,০০০ | ২,০০০ |
| বেতন (১০ মাস) | ২০,০০০ | |
| ভাড়া (প্রতিমাস ১,৫০০ টাকা) | ২৪,০০০ | |
| হাতে নগদ | ৬,০০০ | |
| ব্যাংক ওডি | | ৩০,০০০ |
| ১০% বিনিয়োগ (১-৭-১৫) | ৪০,০০০ | |
| যন্ত্রপাতি | ২৫,০০০ | |
| দালানকোঠা | ১,০০,০০০ | |
| অতিরিক্ত মূলধন (১-৭-১৭) | | ৪০,০০০ |
| উপভাড়া | | ৫,০০০ |
| বিমা প্রিমিয়াম | ৪,০০০ | |
| | ৩,১৮,০০০ | ৩,১৮,০০০ |

Teachingbd24.com

**সমন্বয়সমূহ:** ১. অবিক্রীত পণ্য ২৫,০০০ টাকা। ২. মূলধনের ওপর ১০% হারে সুদ ধার্য করতে হবে। ৩. স্থায়ী সম্পত্তির ওপর ৭$\frac{১}{২}$% হারে অবচয় ধার্য করো। ৪. দেনাদাররের ওপর ১০% হারে সন্দেহ জনক পাওনা সঞ্চিতি ধরতে হবে।

ক. মূলধনের সুদের পরিমাণ নির্ণয় করো। ২

খ. মোট মুনাফা ৭৫,০০০ টাকা ধরে নিট লাভ বা ক্ষতি নির্ণয় করো। ৪

গ. উপর্যুক্ত তথ্য থেকে সাফায়েত এন্ড সন্সের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

## খ বিভাগ

**৩.** ▶ মাহফুজ ২০১৭ সালের জানুয়ারি মাসের ১ তারিখে নগদ ৭০,০০০ টাকা ২০,০০০ টাকার আসবাবপত্র এবং ৩০,০০০ টাকার ব্যাংক ব্যালেন্স নিয়ে ব্যবসায় শুরু করেন।

| | | |
|---|---|---|
| জানু: | ২ | ধারে পণ্য ক্রয় ৩৫,০০০ টাকা। |
| " | ৫ | মেহেরুনের কাছে বিক্রয় ৩৬,০০০ টাকা |
| " | ৭ | ব্যাংকে জমা দেওয়া হলো ৪৫,০০০ টাকা |
| " | ১০ | মনিহারি বাবদ খরচ ১,৫০০ টাকা। |
| " | ২০ | কর্মচারীর বেতন প্রদান ১২,০০০ টাকা। |

ক. মাহফুজের ব্যবসায়ের প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত? ২

খ. ২-১০ তারিখের লেনদেনগুলোর হিসাব সমীকরণের উপাদানের ওপর প্রভাব দেখাও। ৪

গ. ৫-২০ তারিখের লেনদেনের ডেবিট-ক্রেডিট কারণসহ লিখ। ৪

**৪.** ▶ জনাব আবির একজন পোশাক প্রস্তুতকারক। ১০০ পিস শার্ট তৈরির জন্য তার খরচগুলো নিম্নরূপ : কাপড় ক্রয় ১,০০,০০০ টাকা, কাপড়ের পরিবহন ব্যয় ১০,০০০; কাপড় কাটা ও সেলাই মজুরি ৩০,০০০ টাকা, কারখানা ভাড়া ৮,০০০ টাকা, কারখানার ম্যানেজারের বেতন ১২,০০০ টাকা; বিক্রয় পরিবহন

teachingbd24.com

৪,০০০ টাকা; দোকান ভাড়া ১০,০০০ টাকা; বিজ্ঞাপন খরচ ৫,০০০ টাকা এবং বিক্রয়কর্মীর বেতন ৭,০০০ টাকা।

ক. ১০০ পিস শার্টের মুখ্য ব্যয় কত? ২

খ. জনাব আবিরের প্রতিটি শার্টের উৎপাদন ব্যয় কত? ৪

গ. মোট ব্যয়ের ওপর ৩০% মুনাফা করতে চাইলে প্রতিটি শার্টের বিক্রয় মূল্য কত নির্ণয় করো। ৪

**৫.** ▶ জনাব রাজুর ব্যবসায়ে ২০১৬ সালে ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

মূলধন ৭৫,০০০ টাকা; ক্রয় ৪০,০০০ টাকা; বিক্রয় ৫০,০০০ টাকা; পাওনা ২৫,০০০ টাকা; দেনা ১৫,০০০ টাকা; মজুদ পণ্য (৩১-১২-১৬) ৩০,০০০ টাকা; উপভাড়া ৫,৫০০ টাকা; বকেয়া মজুরি ৮,০০০ টাকা; ব্যাংক ওডি ২০,০০০ টাকা; প্রদত্ত ঋণ ৫০,০০০ টাকা; কুঋণ ২,০০০ টাকা; প্রারম্ভিক মজুদ ৪০,০০০ টাকা; অগ্রিম শিক্ষানবিশ সেলামি ২,৫০০ টাকা; প্রাপ্য বিল ১০,০০০ টাকা; প্রাপ্ত কমিশন ৫,০০০ টাকা; বহিঃফেরত ৫,০০০ টাকা; প্রারম্ভিক হাতে নগদ ৩০,০০০ টাকা।

ক. জনাব রাজুর রেওয়ামিলে আসে না তার পরিমাণ কত? ২

খ. জনাব রাজুর ব্যবসায়ের চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ কত? ৪

গ. উপর্যুক্ত তথ্য থেকে রেওয়ামিল প্রস্তুত করো। ৪

**৬.** ▶ ২০১৬ সালে জনাব সাদেক এর ব্যবসায়ের নিম্নোক্ত লেনদেনগুলো পাওয়া যায়। ব্যবসায় প্রতিষ্ঠান স্থানান্তর ব্যয় ৩৫,০০০ টাকা, যন্ত্রপাতি ক্রয় ২,০০,০০০ টাকা; জমি ক্রয়ের রেজিস্ট্রেশন ব্যয় ৫০,০০০ টাকা; বিজ্ঞাপন খরচ ২৫,০০০ টাকা; যন্ত্রপাতির পরিবহন ভাড়া ১৫,০০০ টাকা; আসবাবপত্রের অবচয় ২৫,০০০ টাকা; নতুন পণ্য তৈরির গবেষণা ব্যয় ৪০,০০০ টাকা; মনিহারি ক্রয় ৪,০০০ টাকা; যন্ত্রপাতি সংস্থাপন ব্যয় ১০,০০০ টাকা; বিক্রয় ৫০,০০০ টাকা।

https://teachingbd24.com

ক. বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় কত? ২

খ. মূলধন জাতীয় ব্যয় কত? ৪

গ. মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয় কত? ৪

৭.▶ যতি ট্রেডার্স-এর ২০১৭ সালের মার্চ মাসের লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| মার্চ | ১ | নগদ ৬০,০০০ টাকা নিয়ে ব্যবসায় আরম্ভ করা হলো। |
| " | ৩ | ব্যাংকে জমাদান ৩০,০০০ টাকা। |
| " | ৬ | বাকিতে পণ্য ক্রয় ২০,০০০ টাকা। |
| " | ১০ | চেকের মাধ্যমে আসবাবপত্র ক্রয় ১৫,০০০ টাকা। |
| " | ১৫ | নগদে পণ্য বিক্রয় ৩০,০০০ টাকা। |

ক. সমাপনী নগদ তহবিল নির্ণয় করো। ২

খ. মার্চ ৩, ৬, ১০, ১৫ তারিখের লেনদেনগুলোর জাবেদা প্রস্তুত করো। ৪

গ. চলমান জের ছকে বিক্রয় হিসাব ও ব্যাংক হিসাবের খতিয়ান প্রস্তুত করো। ৪

৮.▶ পদ্মা ট্রেডার্সের ২০১৮ সালের মার্চ মাসের লেনদেনগুলো নিম্নরূপ :

মার্চ-১ : আপন ব্রাদার্স থেকে প্রতি কেজি ৭০ টাকা দরে ৪০০ কেজি চিনি ক্রয়। কারবারি বাট্টা ৫%। পরিবহন খরচ ১,৫০০ টাকা; চালান নং-১৫। শর্ত ২/৩ নিট-৩০।

মার্চ-১০ : জনতা স্টোরস কুষ্টিয়া থেকে প্রতি কেজি ১২০ টাকা দরে ৩৫০ কেজি মসুর ডাল ক্রয়। কারবারি বাট্টা ৪%। পরিবহন খরচ ৩০০ টাকা, চালান নং-২০। শর্ত ২/৫ নিট-৩০।

মার্চ-২৫ : আপন ব্রাদার্সকে নিম্নমানের কারণে ১৫০ কেজি চিনি ফেরত পাঠানো হলো। যার ডেবিট নোট নং-২১।

ক. ২৫ তারিখের তথ্যের অবলম্বনে একটি ডেবিট নোট প্রস্তুত করো। ২

খ. উপর্যুক্ত তথ্য থেকে ক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪

গ. পদ্মা ট্রেডার্সের সাধারণ খতিয়ান ও সহকারি খতিয়ান প্রস্তুত করো। ৪

Teachingbd24.com

৯. ▶ জনাব শাকিল আহমেদ তার ব্যবসায়ের বিস্তারিত হিসাব সংরক্ষন করেন না। ১ জানুয়ারি ২০১৭ তারিখে তার ব্যবসায়ে নিম্নোক্ত সম্পদ ও দায় ছিল যথাক্রমে ৪,২০,০০০ টাকা ও ২,৫০,০০০ টাকা।

৩১ ডিসেম্বর ২০১৭ তারিখে তার ব্যবসায়ে নিম্নোক্ত সম্পদ ও দায় ছিল :

হাতে নগদ ১,৫০,০০০ টাকা, দেনাদার ৫০,০০০ টাকা; মজুদ ৭০,০০০ টাকা; পাওনাদার ৩৫,০০০ টাকা; ব্যাংক জমা ৫,০০০ টাকা; আসবাবপত্র ৪০,০০০ টাকা এবং ঋণ ২০,০০০ টাকা। উক্ত বছরে জনাব শাকিল আহমেদ আরোও ৫০,০০০ টাকা অতিরিক্ত মূলধন সরবরাহ করেন এবং সারা বছর ব্যাপী ২৫,০০০ টাকা উত্তোলন করেন।

ক. জনাব শাকিল আহমেদের প্রারম্ভিক মূলধন কত? ২

খ. জনাব শাকিলের সমাপনী মূলধন নিরূপণ করো। ৪

গ. উপরোক্ত তথ্য থেকে লাভ /ক্ষতি নির্ণয় করো। ৪

১০. ▶ জনাব শাফিন ২০১৮ সালে ১ জুন তারিখে নগদ ২,২৫,০০০ টাকা এবং ৭৫,০০০ টাকার আসবাবপত্র নিয়ে কারবার শুরু করে।

| | | |
|---|---|---|
| জুন | ৪ | ৫% বাট্টায় ফাহাদের কাছ থেকে পণ্য ক্রয় ৪০,০০০ টাকা। |
| " | ৭ | চেয়ার ক্রয় ২৫,০০০ টাকা। |
| " | ১৮ | ধারে বিক্রয় ৬০,০০০ টাকা এবং কারবারি বাট্টা ৫%। |
| " | ২৫ | মালিকের প্রয়োজনে কারবার থেকে উত্তোলন ১৫,০০০ টাকা। |

ক. মালিকানা স্বত্ব হ্রাসের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ৪, ৭, ১৮ ও ২৫ তারিখের লেনদেনের সাথে জড়িত হিসাবের শ্রেণিবিন্যাস কারণসহ লিখ। ৪

গ. প্রমাণ কর যে, A = L + E ৪

১১. ▶ ডা: আরিফুল ইসলামের পরিবারের ১ জানুয়ারি তারিখের সম্পদ ও দায় সমূহ নিম্নরূপ :

https://teachingbd24.com

আসবাবপত্র ৩,০০,০০০ টাকা; বাড়িঘর ১০,০০,০০০ টাকা; তৈজসপত্র ১,২০,০০০ টাকা; দালানকোঠা ৩,৫০,০০০ টাকা; স্থায়ী আমানত ১,০০,০০০ টাকা; ব্যাংক ঋণ ৪,৫০,০০০ টাকা এবং হাতে নগদ ৫০,০০০ টাকা।

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ | ৫০,০০০ | খাদ্য ক্রয় | ১,২০,০০০ |
| বেতন | ৫,০০,০০০ | মনিহারি | ১০,০০০ |
| রোগী দেখে প্রাপ্ত | ২,৫০,০০০ | বাড়ি ভাড়া | ৭২,০০০ |
| বিনিয়োগের সুদ | ১২,০০০ | ঋণ পরিশোধ | ১,৭৫,০০০ |
| | | আপ্যায়ন খরচ | ৫,০০০ |
| | | কম্পিউটার ক্রয় | ৬০,০০০ |
| | | খাবার খরচ | ৮০,০০০ |
| | | হাতে নগদ ৩১-১২-১৬ | ৯০,০০০ |
| | ৮,১২,০০০ | | ৮,১২,০০০ |

ক. ডা: আরিফুলের পারিবারিক তহবিল কত? ২

খ. ডা: আরিফুলের পরিবারের আয়-ব্যয় হিসাব প্রস্তুত করো। ৪

গ. ৩১/১২/১৬ তারিখে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

## উত্তরমালা

১. ক. নিট ক্রয়ের পরিমাণ ৪০,০০০ টাকা। খ. মোট লাভের পরিমাণ ৯৮,৫০০ টাকা। গ. নিট লাভের পরিমাণ ৫৬,১০০ টাকা।

২. ক. মূলধনের সুদের পরিমাণ ২১,০০০ টাকা। খ. নিট মুনাফার পরিমাণ ৩,৬২৫ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,৮৪,৬২৫ টাকা এবং অনিশ্চিত হিসাব ৫১,০০০ টাকা (সম্পদ পাশে)।

৩. ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ ১,২০,০০০ টাকা।

https://teachingbd24.com

৪. ক. ১০০ পিচ শার্টের মুখ্য ব্যয় ১,৪০,০০০ টাকা। খ. প্রতিটি শার্টের উৎপাদন ব্যয় ১,৬০০ টাকা। গ. মোট ব্যয়ের উপর ৩০% মুনাফা করতে চাইলে প্রতিটি শার্টের বিক্রয়মূল্য হবে ২,৪১৮ টাকা।

৫. ক. রেওয়ামিলে আসবে না মোট ৬০,০০০ টাকা। খ. চলতি সম্পদের পরিমাণ ৬৫,০০০ টাকা এবং চলতি দায়ের পরিমাণ ৪৫,৫০০ টাকা। গ. রেওয়ামিলের যোগফল ১,৮৬,০০০ টাকা এবং অনিশ্চিত হিসাব ১৯,০০০ টাকা (ডেবিট)।

৬. ক. বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ৭৫,০০০ টাকা। খ. মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ ২,৭৫,০০০ টাকা। গ. মোট মুনাফা জাতীয় আয় ৫০,০০০ টাকা এবং মোট মুনাফা জাতীয় ব্যয় ৫৪,০০০ টাকা।

৭. ক. সমাপনী নগদ তহবিলের পরিমাণ ৬,০০,০০০ টাকা। খ. জাবেদার যোগফল ৯৫,০০০ টাকা। গ. বিক্রয় হিসাবের (ক্রেডিট) জের ৩০,০০০ টাকা এবং ব্যাংক হিসাবের (ডেবিট) জের ১৫,০০০ টাকা।

৮. ক. ডেবিট নোটে টাকার পরিমাণ ৯,৯৭৫ টাকা। খ. ক্রয় জাবেদার যোগফল ৬৮,৭২০ টাকা। গ. ক্রয় হিসাবের (ডেবিট) জের ৬৮,৭২০ টাকা; পাওনাদার হিসাবের (ক্রেডিট) জের ৫৮,৭৪৫ টাকা; ক্রয় ফেরত হিসাবের (ক্রেডিট) জের ৯,৯৭৫ টাকা; আপন ব্রাদার্স হিসাবের (ক্রেডিট) জের ১৮,১২৫ টাকা এবং জনতা স্টোরস হিসাবের (ক্রেডিট) জের ৪০,৬২০ টাকা।

৯. ক. প্রারম্ভিক মূলধন ১,৭০,০০০ টাকা। খ. সমাপনী মূলধন ২,৬০,০০০ টাকা। গ. লাভের পরিমাণ ৬৫,০০০ টাকা।

১০. ক. মালিকানা স্বত্ব হ্রাসের পরিমাণ ৫৩,০০০ টাকা। গ. হিসাব সমীকরণের যোগফল ৩,৪২,০০০ টাকা।

১১. ক. পারিবারিক তহবিল ১৪,৭০,০০০ টাকা। খ. আয়ের উদ্বৃত্ত ৪,৭৫,০০০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২২,২০,০০০ টাকা।

https://teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট   পূর্ণমান — ৩০   বিষয় কোড: | ১ | ৪ | ৬ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. ক্রেডিট ভাউচারের সাথে সংযুক্ত থাকে কোনটি?**
ক) প্রাপ্য বিলের কপি
খ) ডেবিট নোটের কপি
গ) ক্রেডিট নোটের কপি
ঘ) চালানের কপি

**২. মালিকানা স্বত্বকে প্রভাবিত করে—**
i. আয়   ii. ব্যয়
iii. সম্পদ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

**৩. কর্মচারীদের বেতন মালিক নিজস্ব তহবিল থেকে প্রদান করলে ক্রেডিট হবে কোনটি?**
ক) বেতন হিসাব   খ) মূলধন হিসাব
গ) নগদান হিসাব   ঘ) বিবিধ খরচ হিসাব

**৪. ডেবিট নোট তৈরি করে কে?**
ক) ক্রেতা   খ) বিক্রেতা
গ) মালিক   ঘ) হিসাবরক্ষক

**৫. পুরাতন যন্ত্রপাতি বিক্রয়-এক্ষেত্রে কোনটি ডেবিট হবে?**
ক) যন্ত্রপাতি হিসাব   খ) নগদান হিসাব
গ) বিক্রয় হিসাব   ঘ) দেনাদার হিসাব

**৬. ১০,০০০ টাকার পণ্য ক্রয় করে ৩,০০০ টাকা প্রদান করলে নগদান বইয়ের বহির্ভূত অর্থের পরিমাণ কত?**
ক) ১০,০০০   খ) ৭,০০০
গ) ৯,০০০   ঘ) ৩,০০০

**৭. আসবাবপত্র ক্রয় ১০,০০০ টাকা, আসবাবপত্র হিসাবকে ডেবিট না করে ভুলবশত ক্রয় হিসাবকে ডেবিট করা হয়েছে। এটি কোন ধরনের ভুল?**
ক) নীতিগত   খ) লিখার
গ) বাদ পড়ার   ঘ) পরিপূরক ভুল

**৮. 'অগ্রিম শিক্ষানবিশ সেলামি' কোন শ্রেণির হিসাব?**
ক) আয় হিসাব
খ) সম্পদ হিসাব
গ) দায় হিসাব
ঘ) মালিকানাসত্ব হিসাব

**উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও।**
কণিকা এন্টারপ্রাইজ মনিহারি বাবদ খরচের পরিমাণ ছিল ৪,০০০ টাকা। বছর শেষে ১,০০০ টাকা মনিহারি অব্যবহৃত রয়েছে।

**৯. সংশ্লিষ্ট বছরে কণিকা এন্টারপ্রাইজ এর মনিহারির পরিমাণ কত?**
ক) ৩,০০০ টাকা   খ) ৪,০০০ টাকা
গ) ৫,০০০ টাকা   ঘ) ১০,০০০ টাকা

**১০. অব্যবহৃত মনিহারির ফলে কণিকা এন্টারপ্রাইজ এর বিশদ আয় বিবরণীতেকি প্রভাব পড়বে?**
ক) মোট লাভ বৃদ্ধি পাবে
খ) মোট লাভ হ্রাস পাবে
গ) নিট লাভ বৃদ্ধি পাবে
ঘ) নিট লাভ হ্রাস পাবে

**১১. ব্যবসায়ে হতে মালিকের আয়কর প্রদান করলে কোনটি ডেবিট হবে?**
ক) উত্তোলন হিসাব
খ) আয়কর হিসাব
গ) নগদান হিসাব
ঘ) মালিকানাস্বত্ব হিসাব

**১২. রেওয়ামিলে ডেবিট হবে—**
i. অগ্রিম উপভাড়া
ii. প্রদত্ত ঋণ
iii. পাওনাদার বাট্টা সঞ্চিতি
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

**১৩. মূলধন জাতীয় লেনদেন কোনটি?**
ক) সংস্থাপন মজুরি পরিশোধ
খ) মনিহারি ক্রয়
গ) বিজ্ঞাপন প্রদান
ঘ) বেতন প্রদান

**১৪. কোনটির নামে হিসাব লেখা হয় না?**
i. পণ্য   ii. মালিক
iii. চেক
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

Teachingbd24.com

**১৫. সম্পদ মেরামতের এককালীন অত্যাধিক ব্যয় হলো—**

ⓚ বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়
ⓚ বিলম্বিত মুলধন জাতীয় ব্যয়
ⓖ মুনাফা জাতীয় ব্যয়
ⓖ মুলধন জাতীয় ব্যয়

**১৬. ব্যয় বৃদ্ধি প্রভাবিত করে?**

ⓚ মালিকানাস্বত্ব বৃদ্ধি
ⓚ মালিকানাস্বত্ব হ্রাস
ⓖ সম্পদ বৃদ্ধি
ⓖ দায় হ্রাস

**১৭. C/D এর অর্থ কী?**

ⓚ নিচে নীত　ⓚ উপর থেকে আনীত
ⓖ সম্মুখে নীত　ⓖ পেছন থেকে আনীত

**১৮. বিলে স্বীকৃতি দিলে কোথায় লিপিবদ্ধ হয়?**

ⓚ প্রদেয় বিলে　ⓚ প্রাপ্য বিলে
ⓖ নগদান বইয়ে　ⓖ রেওয়ামিলে

**উদ্দীপকটি পড়ো ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও।**

'Y' কোম্পানির আর্থিক সংকটে 'X' ব্যাংক হতে ১৮% সুদে ৫০,০০০ টাকা ঋণ নেয়।

**১৯. বছর শেষে 'Y' কোম্পানি 'X' ব্যাংকে কত টাকা পরিশোধ করেন?**

ⓚ ৫৯,০০০ টাকা　ⓚ ৫০,০০০ টাকা
ⓖ ৪১,০০০ টাকা　ⓖ ৯,০০০ টাকা

**২০. সুদ প্রদানের ফলে Y কোম্পানির কোনটি হ্রাস পাবে?**

ⓚ মোট মুনাফা　ⓚ নিট মুনাফা
ⓖ মোট সম্পদ　ⓖ মোট দায়

**২১. একটি ব্যবসায় প্রতিষ্ঠানের পাওনাদার ২০,০০০ টাকা, ব্যাংকে জমা ৫০,০০০ টাকা, হাতে নগদ ১০,০০০ টাকা হলে উক্ত প্রতিষ্ঠানের তারল্য অনুপাত কত?**

ⓚ ১ : ২　ⓚ ৩ : ১
ⓖ ১ : ৩　ⓖ ২ : ১

**২২. নিচের কোনটি কারখানার উপরিব্যয়?**

ⓚ মনিহারি খরচ　ⓚ ডাক ও তার
ⓖ পৌরকর　ⓖ বিজ্ঞাপন

**২৩. ৫% বাট্টায় পণ্য বিক্রয় ৫০,০০০ টাকা। এ ক্ষেত্রে এটি কোন ধরনের বাট্টা?**

ⓚ নগদ বাট্টা　ⓚ প্রদত্ত বাট্টা
ⓖ ব্যবসায়িক বাট্টা　ⓖ ক্রয় বাট্টা

**২৪. আত্মকর্মসংস্থানমূলক প্রকল্পের সফলতা নির্ভর করে—**

i. উদ্যোক্তার দক্ষতার উপর
ii. উদ্যোক্তার মেধার উপর
iii. নির্ভুল হিসাব রাখার উপর

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii　ⓚ i ও iii
ⓖ ii ও iii　ⓖ i, ii ও iii

**২৫. মাল ক্রয় বিক্রয়ের প্রামাণ্য দলিল কোনটি?**

ⓚ ভাউচার　ⓚ চালান
ⓖ ক্যাশমেমো　ⓖ ডেবিট নোট

**২৬. হিসাববিজ্ঞানকে কী নামে অভিহিত করা হয়?**

ⓚ হিসাব ব্যবস্থা
ⓚ আর্থিক অবস্থার বিবরণী
ⓖ তথ্য ব্যবস্থা
ⓖ লেনদেন ব্যবস্থা

**২৭. বিক্রয় প্রতিনিধির বেতন কোন ধরনের খরচ?**

ⓚ প্রত্যক্ষ খরচ　ⓚ কারখানা খরচ
ⓖ প্রশাসনিক খরচ　ⓖ বিক্রয় খরচ

**২৮. বিক্রয় উপরিব্যয়ের অন্তর্ভুক্ত—**

i. বিজ্ঞাপন খরচ
ii. বিমা খরচ
iii. নমুনা বিতরণ খরচ

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i　ⓚ i ও ii
ⓖ i ও iii　ⓖ i, ii ও iii

**২৯. ব্যাংকে জমাতিরিক্ত সুদের ফলে কোনটি বৃদ্ধি পায়?**

ⓚ আয়　ⓚ সম্পদ
ⓖ ব্যয়　ⓖ দায়

**৩০. পারিবারিক বাজেটে খাদ্য খাতে ব্যয়ের পরিমাণ কত?**

ⓚ ১০% - ১৫%　ⓚ ৫% - ১০%
ⓖ ৩০% - ৪০%　ⓖ ২০% - ২৫%

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | ক | ৩ | খ | ৪ | ক | ৫ | খ | ৬ | খ | ৭ | ক | ৮ | গ | ৯ | ক | ১০ | গ | ১১ | ক | ১২ | গ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | ঘ |
| | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | খ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | ঘ |

Teachingbd24.com

https://teachingbd24.com